যুগান্তর

তারিখ ..2 9 NOV 2015...
পৃষ্ঠা ..১৮.. কলাম.... ১-৩....

# বরিশাল বিশ্ববিদ্যালয়ে দুই ছাত্রকে পেটাল ছাত্রলীগ

বরিশাল ব্যুরো

বরিশাল বিশ্ববিদ্যালয়ে সিনিয়র-জুনিয়র দ্বন্দ্বকে নিয়ে দুই ছাত্রকে পিটিয়ে আহত করেছে ছাত্রলীগ। শনিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের কর্ণকাঠি স্থায়ী ক্যাম্পাসে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে, জিসান নামে এক ছাত্রলীগ কর্মীর সঙ্গে অপর কয়েকজন শিক্ষার্থীর সিনিয়র-জুনিয়র নিয়ে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে তাদের মধ্যে ধাক্কাধাক্কিও হয়। এ নিয়ে জিসান জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবদুর রাজ্জাকের অনুসারী নাঈম গ্রুপকে খবর দিলে তারা লাঠিসোটা ও রড নিয়ে ক্যাম্পাসে প্রবেশ করে। তারা বোটানি বিভাগের প্রথম বর্ষের ছাত্র শিশির ও ব্যবস্থাপনা প্রথম বর্ষের ছাত্র রাকিবকে পিটিয়ে আহত করে। একপর্যায়ে সেখানে জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাজ্জাদ সেরনিয়াবাত অনুসারী ব্যবস্থাপনা বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র ছাত্রলীগকর্মী ফিরাজুল ইসলাম নয়ন দলবল নিয়ে এলে উত্তেজনার সৃষ্টি হয়। তবে পুলিশ তাৎক্ষণিক ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।